রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, আগস্ট ৬, ২০২৫**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/ ০৮ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩১৫-আইন/২০২৫।**—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে ধারা ২৭ এর সহিত পঠিতব্য, কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা বীমাকারীর রাজস্ব হিসাব, লাভ-ক্ষতি হিসাব ও স্থিতিপত্র প্রবিধানমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) **"আইন"** অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) **"কর্তৃপক্ষ"** অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ২ এর দফা (১০) এ উল্লিখিত কর্তৃপক্ষ;

(গ) **"ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল"** অর্থ ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল;

(ঘ) **"ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস"** অর্থ ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ২ এর দফা (২১) এ উল্লিখিত ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **রাজস্ব, লাভ-ক্ষতির হিসাব ও স্থিতিপত্র প্রস্তুতকরণ, ইত্যাদি।**—ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক, সময় সময়, প্রণীত ও জারীকৃত বীমাকারীর জন্য প্রযোজ্য ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসমূহ অনুসরণপূর্বক নিম্নরূপ হিসাবসমূহ প্রস্তুত করিতে হইবে, যথা:—

(ক) লাভ-ক্ষতি ও রাজস্ব;

(খ) স্থিতিপত্র; এবং

(গ) শেয়ার গ্রহীতা এবং পলিসি হোল্ডারগণের তহবিল সংরক্ষণ।

৪। **ইসলামি বীমা ব্যবসার হিসাব।**—আইনের ধারা ৭ এর অধীন বীমা পরিচালনাকারী একইসাথে প্রচলিত বীমা ব্যবসা ও ইসলামি বীমা ব্যবসা পরিচালনা করিবার নিমিত্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমতি প্রাপ্ত হইলে প্রবিধান ৩ এর বিধান পরিপালনপূর্বক প্রচলিত বীমা ব্যবসার হিসাব পৃথকভাবে রাজস্ব হিসাব, লাভ-ক্ষতির হিসাব ও স্থিতিপত্রে উপস্থাপন করিতে হইবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

**ড. এম আসলাম আলম**
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd